

## পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ নবম অধ্যায় - হত্যা ও যুদ্ধ-জিহাদ

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

### ৯. ৪. ২০. ১. তালুতের প্রতি গণহত্যার ঐশ্বরিক আদেশ

ঈশ্বরের পক্ষ থেকে নবী শামুয়েল (Samuel) বিনইয়ামীন গোষ্ঠীর যুবক শৌল (Saul) বা তালুতকে বনি-ইসরাইলের প্রথম রাজা হিসেবে অভিষিক্ত করেন খ্রিষ্টপূর্ব আনুমানিক ১০২০ সালে। এরপর নবী শামুয়েল ঈশ্বরের খ্রিষ্ট, নবী ও রাজা তালুতকে বলেন: “মাবুদ তাঁর বান্দা বনি-ইসরাইলদের উপরে তোমাকে রাজপদে অভিষেক করবার জন্য আমাকে পাঠিয়েছিলেন। এখন তুমি মাবুদের কথায় কান দাও। আল্লাহ রাব্বুল আলামীন বলেছেন, ‘বনি-ইসরাইলরা মিসর থেকে চলে আসবার পথে আমালেকীয়রা তাদের বিরুদ্ধে দাঁড়িয়েছিল বলে আমি তাদের শাস্তি দেব। এখন তুমি গিয়ে আমালেকীয়দের আক্রমণ করবে এবং তাদের যা কিছু আছে সব ধ্বংস করে ফেলবে; তাদের প্রতি কোন দয়া করবে না। তাদের স্ত্রী-পুরুষ, ছেলে-মেয়ে, দুধ খাওয়া শিশু, গরু, ভেড়া, গাধা, সব মেরে ফেলবে।’ (১ শামুয়েল ১৫/১-৩)

Source — <https://www.hadithbd.com/books/link/?id=14575>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন